

অনেক মানুষ চাইবে আপনি

# এটি ছুঁড়ে ফেলে দিন

একনায়ক  
ধর্ষণকারী  
ঘাতক  
অত্যাচারী  
বস্তি-নিয়ন্ত্রণকারী

## যোগ দিন

এ্যামনেস্টি ইন্টারন্যাশনালের একজন সদস্য হোন এবং পরিবর্তনের জন্য চাপ সৃষ্টি করতে আমাদেরকে সাহায্য করুন। অনলাইনে [www.amnesty.org/join](http://www.amnesty.org/join) ওয়েবসাইটে যোগ দিন।

## দান করুন

এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল-এ দান করুন। আপনার দেয়া সকল অর্থ মানবাধিকারের অপব্যবহারের বিরুদ্ধে আমাদের কাজে সাহায্য করে। অনলাইনে [www.amnesty.org/donate](http://www.amnesty.org/donate) ওয়েবসাইটে দান করুন।

## সুবিধাসমূহ

আন্তর্জাতিক সদস্য হওয়ার সুবিধাগুলো হচ্ছেঃ

- একটি অনলাইন সদস্য অ্যাকাউন্ট
- অফিসিয়াল অনলাইন কমিউনিটি স্পেস সম্পর্কিত তথ্য
- বিনামূল্যে মাসিক কমিউনিটি অ্যাকশন ই-বুলেটিন এর গ্রাহক হওয়ার সুবিধা
- মানবাধিকারের বিষয়গুলোতে অংশগ্রহণ করা ও পদক্ষেপ নেয়ার সুযোগ
- সংবাদ, গবেষণা ও প্রচারাভিযানের উপকরণ সহ বিনামূল্যে Wire-এর গ্রাহক হওয়ার সুযোগ
- সংকটকালীন কার্যক্রমসহ বিনামূল্যে ই-বুলেটিনের বিশেষ সংখ্যা
- অনলাইন কমিউনিটি স্বেচ্ছাসেবী হওয়ার সুযোগ
- নারীর বিরুদ্ধে সহিংসতা বন্ধ করুন ই-নিউজলেটার (ঐচ্ছিক)
- ন্যায়বিচারের মাধ্যমে সন্ত্রাস প্রতিরোধ ই-নিউজলেটার (ঐচ্ছিক)
- e-Wire সতর্কতা (ঐচ্ছিক)

কেসনাম্বার ২০০৯ Index: ORG.10/004/2009



বন্দীরা ন্যায়বিচার পেতে পারে,  
নির্যাতন বন্ধ করা যায় এবং  
অন্যায় আইন পরিবর্তন করা যায়।

AMNESTY  
INTERNATIONAL



# এদের প্রতিহত করুন

শহরের নোংরা এলাকার একটি কারাগারে একজন লোক আছে যে মানুষকে নির্যাতন করে। এটি তার কাজ এবং সে এটি ভালোভাবে করতে পারে। সে ভাস্কি কাঁচ ও একটি ছোট গ্যাস বার্ণার সহ বিভিন্ন ধরনের হাতিয়ার ব্যবহার করে।

মরুভূমির এটি দুর্গম অঞ্চল একজন মিলিশিয়া কমান্ডার আছে যাকে পাঠানো হয়েছে বেসামরিক লোকজনকে তাড়িয়ে দেয়ার জন্য। এটি করার জন্য যা কিছু করা দরকার তা করার জন্য সে তার লোকদেরকে হুকুম দিয়ে থাকেঃ তাদের খাবার জ্বালিয়ে দেয়া, তাদের বাড়িঘর ধ্বংস করা, নারীদেরকে ধর্ষণ করা।

একজন নির্বাচিত প্রেসিডেন্ট একটি অবৈধ বন্দিশিবির অনুমোদন করেন। এখানে কোনো আইনের শাসন কাজ করে না। বন্দিদের বিভিন্ন ধরনের নির্যাতন করা হয় যেমন, ঘুমের ব্যাঘাত, চোখ-মুখ ঢেকে রাখা, উলঙ্গ থাকতে বাধ্য করা ও ডুবিয়ে মারার ভান করা।

একজন ধনী ব্যবসায়ী সরকারকে প্ররোচিত করে - টাকার বিনিময়ে - অস্থায়ী বাসস্থানে বসবাসরত হাজার হাজার মানুষের এক সম্প্রদায়কে উচ্ছেদ করার জন্য, যাতে সে বিলাসবহুল ফ্ল্যাট বানানো শুরু করতে পারে।

এই সবগুলো মানুষ সত্যিকারের।  
তারা সবাই বিপন্ন ছাড়াই তাদের কাজ চালিয়ে যেতে চায়।  
তাদের সবার একটাই আশা।  
আপনি যাতে এগ্যামনেস্টি ইন্টারন্যাশনালে যোগ না দেন।

# আমাদের সাথে যোগ দিন

এগ্যামনেস্টি ইন্টারন্যাশনালের ২.২ মিলিয়ন সমর্থক বিশ্বব্যাপী ১৫০টিরও বেশি দেশে মানবাধিকারের উন্নয়নের জন্য প্রচারাভিযান পরিচালনা করছে। এগ্যামনেস্টি ইন্টারন্যাশনাল হচ্ছে বিশ্বের সবচেয়ে প্রভাবশালী মানবাধিকার সংগঠন। শুধু যোগ দেয়ার মাধ্যমেই আপনি মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছেন।

■ আমরা আমাদের গবেষণায় স্বাধীন ও নিরপেক্ষ। কোনো ভাবাদর্শ, ধর্ম বা রাজনীতির ভিত্তিতে আমরা কাজ করি না, বরং মানবাধিকার লঙ্ঘিত হয়েছে এমন যে কারো পক্ষে যে কোনো স্থানে আমরা কাজ করে থাকি।

■ আমরা প্রকৃত তথ্য খুঁজে বের করি, আমরা সত্য প্রকাশ করি, আমরা পরিবর্তনের দাবি জানাই।

■ মানবাধিকার সুরক্ষিত ও প্রবর্তিত করার জন্য সরকার, সশস্ত্র গোষ্ঠী, ও কোম্পানিগুলোর উপর চাপ সৃষ্টির জন্য আমরা সমবেত হই।

■ ন্যায়বিচার, সাম্য ও স্বাধীনতার জন্য প্রতিশ্রুতিবদ্ধ থেকে, মানুষকে মর্যাদার সাথে বসবাস করতে দেয়ার জন্য আমরা সরকার ও অন্যান্য শক্তিশালী গোষ্ঠীগুলোর উপর চাপ সৃষ্টি করি।

আমাদের সাফল্যের রেকর্ড রয়েছে।

২০০৮ সালের শেষ দিকে,  
একটি অস্ত্র বাণিজ্য চুক্তির  
পক্ষে কাজ শুরু করার  
জন্য জাতিসংঘের একটি  
প্রস্তাবের পক্ষে ১৩৯টি দেশ  
ভোট দেয়।

২০০৮ সালে, জাতিসংঘ  
সাধারণ পরিষদ মৃত্যুদণ্ডের  
ব্যবহার স্থগিত রাখার আহ্বান  
জানিয়ে দ্বিতীয় একটি প্রস্তাব  
গ্রহণ করে।

২০০৯ সালের শুরুতে,  
প্রেসিডেন্ট বারাক ওবামা  
গুয়ান্তানামো উপসাগরে  
যুক্তরাষ্ট্রের বন্দিশিবিরটি বন্ধ  
করে দেয়ার নির্দেশ দেন।

“আমার স্বাধীনতার  
জন্য আমি আপনাদের  
কাছে ঋণী।”

খিচ কোয়াং ভো,  
ভিয়েতনামের বৌদ্ধ ভিক্ষু